

## কেস স্টাডি

নিচের অনুচ্ছেদটি ভালো করে পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।

দূরে পিছনে স্টেশন। সামনে ওই যে গাঁ। গাথানা বেশ বড়। ভোম্বল গায়ে ঢুকতেই দেখলে বাঁদিকে কুমোর বাড়ি। দুর্গাপুজোর আর দেরি নেই। কুমোরের পো একখানা দুর্গা ঠাকুর গড়ছে। প্রায় শেষ করে এনেছে। ভোম্বল এর খিদে পেয়েছে খুব। সে নাশপাতিটা কাপড়ের খুঁট খুলে খেতে লাগল। কুমোর বাড়ীর পিছন দিকে বেড়ার ধারে একটা বাতাবি লেবুর গাছ। গাছটা লেবুতে ভরা। লেবুগুলো পেকে সোনার তালের মত দেখাচ্ছে। সে এদিক-ওদিক তাকিয়ে দেখল কেউ নেই। কুমোরের বউ বাড়ির ভেতর। কুমোর ওইদিকে। সে কাপড় খানা গুছিয়ে পরে বেড়া ডিঙিয়ে কাঠবিড়ালির মতো গাছে উঠে গেল। তাতে গাছটা ঘন ঘন দুলতে ও ডালপালার শরশর শব্দ হতে লাগলো ভোম্বল পট করে একটা লেবু ছিঁড়তেই বাড়ির ভেতর কুমোরের বউ হাক দিল ‘গাছে কে রে?’

১. আমাদের বিদ্যালয় কোন স্টেশনের কাছে অবস্থিত?

চাকদহ/ পালপাড়া/ পায়রাডাঙ্গা/ রানাঘাট

২. কুমোর তৈরি করে

মাটির জিনিস/ জামাকাপড় / লোহার জিনিস/ কাঠের জিনিস

৩. দুর্গা পূজা যে ঋতুতে হয় তা হল

বর্ষাকাল/ শরৎকাল/ শীতকাল/ বসন্তকাল

৪. নিচের কোন লেবুটি আমরা সাধারণত শীতকালে পেয়ে থাকি?

পাতি লেবু /বাতাবি লেবু/ কমলালেবু/ কাগজি লেবু

৫. নিচের কোন লেবুটি আকৃতিতে বড়?

বাতাবি লেবু/ কমলা লেবু/ পাতি লেবু মৌসুমি লেবু

৬. গাছ দুলতে থাকলে তার ডালপালার শব্দ হয় –

মর্মর/ শরশর/ ঝিরঝির / দাওদাও